বর্ডার গার্ড বাংলাদেশ এর মাসিক প্রকাশনা

# বিজিবি বুলেটিন

● দ্বিতীয় বর্ষ ● ২য় সংখ্যা ● মাঘ-ফাল্গুন ১৪২৭ ● ফেব্রুয়ারি ২০২১



২৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে বনানী সামরিক কবরস্থানে ২৫-২৬ ফেব্রুয়ারি ২০০৯ তারিখে বিডিআর বিদ্রোহে নিহত শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বিজিবি মহাপরিচালক।

## সূচিপত্র


বিডিআর বিদ্রোহে নিহত শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন

বিজিবি মহাপরিচালকের পরিদর্শন

কোভিড-১৯ টিকাদান কর্মসূচির উদ্বোধন

কক্সবাজারে সীমান্ত ব্যাংকের এটিএম বুথ উদ্বোধন

Rappelling & Fast-Roping Training

কল্যাণমূলক কর্মকাণ্ড

সুবেদার মেজর (অবসর)

মৃত্যু প্রতিবেদন

করোনা ভাইরাস

সিজার প্রতিবেদন

দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ

মাদকদ্রব্য ধ্বংসকরণ

আন্তঃ সেক্টর বডি বিল্ডিং প্রতিযোগিতা

অপারেশন ও প্রশিক্ষণ কার্যক্রম




৬ ফেব্রুয়ারি ২০২১ তারিখে টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) এর দায়িত্বপূর্ণ গোলারচর এলাকা পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।




৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখে সদর দপ্তর বিজিবি, পিলখানায় কোভিড-১৯ টিকাদান কর্মসূচির শুভ উদ্বোধন করা হয়।

bgbbuletin@gmail.com
www.bgb.gov.bd



১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে কক্সবাজার ব্যাটালিয়ন (৩৪ বিজিবি) এর অভ্যন্তরে ২ নং জিপি গেইটের নিকট সীমান্ত ব্যাংকের এটিএম বুথ এর শুভ উদ্বোধন করেন ডেপুটি রিজিয়ন কমান্ডার, কক্সবাজার রিজিয়ন।

## Rappelling & Fast-Roping Training

১৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখ হতে বিজিটিসিএন্ডসি'র ব্যবস্থাপনায় Rappelling & Fast-Roping Training পরিচালিত হয়। উক্ত কোর্সে ১ জন অফিসার (কোর্স ওআইসি), ৫ জন অন্যান্য পদবির প্রশিক্ষক এবং ৩৩ জন প্রশিক্ষণার্থীসহ মোট-৩৯ জন অংশগ্রহণ করেন। Rappelling & Fast-Roping প্রশিক্ষণের অংশ হিসেবে ২৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখে বিজিটিসিএন্ডসিতে বিজিবি এয়ার উইং এর হেলিকপ্টারের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম এবং ২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখে কক্সবাজার রিজিয়নের তত্ত্বাবধানে টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) এর সার্বিক ব্যবস্থাপনায় শাহ্পরীর দ্বীপে উক্ত প্রশিক্ষণ অনুশীলন হয়।



## কল্যাণমূলক কর্মকাণ্ড

| ক্রমিক | কাজের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১। | সীমান্ত তহবিল হতে বিজিবি সদস্য এবং তাদের পরিবারবর্গের কল্যাণার্থে ও উন্নয়নমূলক কাজে ব্যয়। | ১,৩৬,৬৬,৬৯২/- |
| ২। | বিজিবি স্বাস্থ্য সহায়তা তহবিল হতে ১০ জন বিজিবি সদস্যকে চিকিৎসার জন্য অনুদান প্রদান। | ১৪,৫২,৪৮২/- |

## সুবেদার মেজর (অবসর)



জেসিও-৬৭২৬ সুবেদার মেজর
মোঃ আব্দুল হান্নান
শ্রীমঙ্গল ব্যাটালিয়ন (৪৬ বিজিবি)
অবসরের তারিখ : ০৪-০২-২১



জেসিও-৬৭২৭ সুবেদার মেজর
মোঃ জাহাংগীর আলম মুন্সি
খাগড়াছড়ি ব্যাটালিয়ন (৩২ বিজিবি)
অবসরের তারিখ : ১৫-০২-২১



জেসিও-৬৯৯৭ সুবেদার মেজর সিগ.
মোহাম্মদ আইয়ুব আলী সরকার
আইসিটি ব্যাটালিয়ন, ঢাকা
অবসরের তারিখ : ২২-০২-২১

## মৃত্যু প্রতিবেদন

| ক্রমিক | নং, পদবি ও নাম | ইউনিট | মৃত্যুর তারিখ | মৃত্যুর কারণ |
|---|---|---|---|---|
| ১। | বাবুর্চি-৩০৭৮ বাবুর্চি মনোরঞ্জন মাঝি | হবিগঞ্জ ব্যাটালিয়ন (৫৫ বিজিবি) | ০৬-০২-২১ | IHD With Cardiac Arrest With NSTE MI |
| ২। | নং ৬৪৯৬৭ হাবিলদার মোঃ রুহুল আমিন | পত্নীতলা ব্যাটালিয়ন (১৪ বিজিবি) | ১৯-০২-২১ | Cardiogenic Shock With Acute MI Inferior |
| ৩। | নং ৮৪৩৬১ মেডি.সহ.সি. মোঃ মাহামুদুল হক | কাপ্তাই ব্যাটালিয়ন (৪১ বিজিবি) | ২৫-০২-২১ | Haemorrhagic Stroke |

## করোনা ভাইরাস

ফেব্রুয়ারি ২০২১ মাস পর্যন্ত ৪৬৩ জন বিজিবি সদস্য কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছে। এর মধ্যে সুস্থ হয়েছে ৪৪৮ জন এবং মৃত্যুবরণ করেছে ৯ জন। সুস্থতার হার প্রায় ৯৭%।

## সিজার প্রতিবেদন

ফেব্রুয়ারি ২০২১ মাসে চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করে ৪০,৫৭,০৯,৩৮৪/- টাকা মূল্যের মাদকদ্রব্য এবং চোরাচালানী পণ্য আটক করা হয়েছে। এ ব্যাপারে ৪,৭৭৭ টি মামলা দায়ের এবং ২৯৯ জন চোরাকারবারিকে আটক করা হয়েছে।

## দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ

| ক্রমিক | নং, পদবি, নাম ও ইউনিট | অপরাধের বিবরণ, প্রদত্ত শাস্তি ও শাস্তি প্রদানের তারিখ |
|---|---|---|
| ১। | নং ৮৭৫৯১ সিপাহী<br>মোঃ আসাদুল হাবিব<br>ঢাকা ব্যাটালিয়ন (২৬ বিজিবি) | বয়স পূর্তির পূর্বে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বিবাহ করা এবং ১ম স্ত্রী ও কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ভূয়া কাবিননামা তৈরি করে ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া। বিবাহ বহির্ভূতভাবে একাধিক মহিলার সাথে অনৈতিক সম্পর্ক স্থাপন, মোবাইল ফোনে তাদের অশ্লীল, অরুচিকর ছবি, অডিও-ভিডিও আদান প্রদান, একাধিক সীম কার্ড, ফেসবুক গ্রুপের সদস্য হিসেবে সম্পৃক্ত থাকে। বিভিন্ন সময়ে ছুটিতে অবস্থানকালীন নেশাজাতীয় মাদকদ্রব্য (হিরোইন) সেবন করায়। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ০২-০২-২১।** |
| ২। | নং ৭৯৯৪০ ল্যা. না. মোঃ আশরাফুল আলম<br>খুলনা ব্যাটালিয়ন (২১ বিজিবি) | অবৈধ পন্থায় অর্থের বিনিময়ে বিজিবি'তে লোক ভর্তি, ব্যক্তিগত WhatsApp এবং Messenger এর মাধ্যমে বিজিবি'র স্পর্শকাতর, গুরুত্বপূর্ণ ও গোপনীয় তথ্যাদি আদান/প্রদান করায়। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ০৯-০২-২১ ।** |
| ৩। | নং ৮৮১৬৫ সিপাহী<br>শাহাদাত হোসেন<br>বাবুছড়া ব্যাটালিয়ন (৭ বিজিবি) | ২৫ বছর বয়স পূর্তির পূর্বে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বিবাহ, সরকারি সুযোগ সুবিধা প্রাপ্তির লক্ষ্যে পুনরায় বিবাহ রেজিস্ট্রি করে কাবিননামা প্রস্তুত এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে স্ত্রী'কে তালাকের নোটিশ প্রদান করায়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ : ০৯-০২-২১।** |
| ৪। | বক্ষ নং ২৬৪৩ রিক্রুট মোঃ ইমরান হোসেন<br>চাঁপাইনবাবগঞ্জ ব্যাটালিয়ন (৫৩ বিজিবি) | বিবাহিত হওয়া সত্ত্বেও বিবাহের বিষয়টি গোপন রেখে তালিকাভুক্তি ফরমে মিথ্যা তথ্য প্রদান করায়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে অব্যাহতি, শাস্তি প্রদানের তারিখ : ১১-০২-২১।** |
| ৫। | বক্ষ নং ২৪১৩ রিক্রুট (জিডি) বিপ্লব চন্দ্র<br>ঠাকুরগাঁও ব্যাটালিয়ন (৫০ বিজিবি) | তালিকাভুক্তির সময় ২০২০ সালের এইচএসসি পরীক্ষার্থী হিসেবে তার দাখিলকৃত অঙ্গীকারনামা মিথ্যা প্রমাণিত হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে অব্যাহতি, শাস্তি প্রদানের তারিখ : ১১-০২-২১।** |
| ৬। | বক্ষ নং ২৬৮৬ রিক্রুট মোঃ হাসিবুল ইসলাম<br>চাঁপাইনবাবগঞ্জ ব্যাটালিয়ন (৫৩ বিজিবি) | রিক্রুট লাইন হতে পলায়ন, চাকুরী করতে অনিচ্ছুক, চাকুরীর প্রতি অনীহা, প্রশিক্ষণের প্রতি উদাসীনতা এবং দুইবার প্রশিক্ষণ কেন্দ্র হতে পলায়নের চেষ্টা করায় ।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ১১-০২-২১।** |
| ৭। | বক্ষ নং ২৫৪ রিক্রুট নাজমুল হুদা<br>রিক্রুট ট্রেনিং ব্যাটালিয়ন, বিজিটিসিএন্ডসি | তালিকাভুক্তির সময় ২০২০ সালের এইচএসসি পরীক্ষার্থী হিসেবে তার দাখিলকৃত অঙ্গীকারনামা মিথ্যা প্রমাণিত হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে অব্যাহতি, শাস্তি প্রদানের তারিখ : ১১-০২-২১।** |
| ৮। | বক্ষ নং ৬৩১ রিক্রুট তৈয়ব উদ্দিন জয়<br>রিক্রুট ট্রেনিং ব্যাটালিয়ন, বিজিটিসিএন্ডসি | প্রশিক্ষণ গ্রহণে অনীহা প্রকাশ এবং শৃঙ্খলা পরিপন্থী আচরণ,প্রশিক্ষকদের সাথে ঔদ্ধত্যপূর্ণ ব্যবহার, শেভ না করে পিটি-প্যারেড ও অন্যান্য কার্যক্রমে অংশগ্রহণ করে। এছাড়াও, রাজনৈতিক সংশ্লিষ্টতার প্রভাব দেখানো, বিভিন্ন নির্দেশনার প্রতি অবহেলা, সরকারি পোশাক-পরিচ্ছদ গ্রহণে অনীহা প্রকাশসহ ইচ্ছাকৃতভাবে খাবার ভক্ষণ হতে বিরত থেকে দুর্বল হয়ে প্রায়শই অসুস্থ হয়ে প্রশিক্ষণ কার্যক্রমে অনুপস্থিত থাকায়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ১৪-০২-২১।** |
| ৯। | বক্ষ নং ২১১ রিক্রুট মোঃ মেহরাব হোসাইন<br>রিক্রুট ট্রেনিং ব্যাটালিয়ন, বিজিটিসিএন্ডসি | প্রশিক্ষণ গ্রহণে অনীহা প্রকাশ,শৃঙ্খলা পরিপন্থী আচরণ, প্রশিক্ষকদের সাথে ঔদ্ধত্যপূর্ণ ব্যবহার, শেভ না করে পিটি-প্যারেড ও অন্যান্য কার্যক্রমে অংশগ্রহণ করে। রাজনৈতিক সংশ্লিষ্টতার প্রভাব দেখানো, বিভিন্ন নির্দেশনার প্রতি অবহেলা, সরকারি পোশাক-পরিচ্ছদ গ্রহণে অনীহা প্রকাশসহ ইচ্ছাকৃতভাবে খাবার ভক্ষণ হতে বিরত থেকে দুর্বল হয়ে প্রায়শই অসুস্থ হয়ে প্রশিক্ষণ কার্যক্রম থেকে বিরত থাকে এবং বাহিনীর প্রতি অশ্রদ্ধা প্রদর্শন, ব্লেড দিয়ে ইচ্ছাকৃতভাবে ক্ষত করা এবং আত্মহত্যার চেষ্টা করায়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ১৪-০২-২১।** |
| ১০। | IWT-৪৫৪ ওবিএম ড্রাই. মোঃ আব্দুল হাই<br>চাঁপাইনবাবগঞ্জ ব্যাটালিয়ন (৫৩ বিজিবি) | উৎকোচের মাধ্যমে বিজিবি'তে লোক ভর্তি এবং বদলির প্রলোভন দেখিয়ে ১,২৫,৩০,০০০/- টাকা আত্মসাৎ করায়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত এবং ০১ (এক) বছরের সশ্রম কারাদণ্ড, শাস্তি প্রদানের তারিখ : ১৪-০২-২১।** |
| ১১। | IWT-৩৮৩ ২য় শ্রেণীর মাস্টার<br>মোঃ তোজাম্মেল হক<br>আরবিজি কোম্পানি, নীলডুমুর | অবৈধ পন্থায় অর্থের বিনিময়ে বিজিবি'তে লোক ভর্তি এবং নিজের বদলির ব্যাপারে উৎকোচ প্রদান করায়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত এবং ০১ (এক) বছরের সশ্রম কারাদণ্ড, শাস্তি প্রদানের তারিখ : ১৪-০২-২১।** |
| ১২। | এম-২১৮ মালী মোঃ আলকামা<br>সদর বিজি ব্যাটালিয়ন, ঢাকা | বিজিবি'তে ভর্তির প্রলোভন দেখিয়ে প্রতারণার মাধ্যমে উৎকোচ গ্রহণ, অবৈধভাবে লোক ভর্তি বাবদ উপার্জিত অর্থ সংরক্ষণ এবং পরবর্তীতে পিলখানা, ঢাকা হতে বাহিরে পাচারের নিমিত্তে অন্যের নিকট হস্তান্তর। এছাড়াও নিয়ম বহির্ভূতভাবে ৪টি মোবাইল সেট, নিজের নামে রেজিস্ট্রেশনকৃত ১২টি সীম ব্যবহার, ২টি ইমো একাউন্ট, ২টি ফেইসবুক একাউন্ট ও ৩টি জিমেইল একাউন্ট পরিচালনা করায়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত এবং ০১ (এক) বছরের সশ্রম কারাদণ্ড, শাস্তি প্রদানের তারিখ : ১৪-০২-২১।** |
| ১৩। | নং ১০৩৪৪৭ সিপাহী<br>মোসাঃ শারমিন আক্তার<br>রিজিয়ন সদর দপ্তর, চট্টগ্রাম | বিবাহিত ও স্ত্রী-সন্তান আছে জানা সত্ত্বেও প্রেমের সম্পর্ক স্থাপন, ছুটিতে গমন করে আবাসিক হোটেলে অবৈধ শারীরিক সম্পর্কে লিপ্ত হওয়া, নগ্ন হয়ে অশ্লীলভাবে ভিডিও চ্যাটে কথা বলা এবং নিজের অশ্লীল ছবি মেসেঞ্জারের মাধ্যমে আদান প্রদান করায়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ : ২৫-০২-২১।** |
| ১৪। | নং ৭৪৬১৬ সিগন্যালম্যান<br>মোঃ আনোয়ার হোসেন<br>অপারেশন পরিদপ্তর, ঢাকা | অবৈধ উপায়ে বিজিবি'তে লোক ভর্তির মাধ্যমে উৎকোচ গ্রহণ করে। অবৈধ শারীরিক সম্পর্ক স্থাপন করাসহ অশ্লীল ছবি মোবাইল ফোনে সংরক্ষণ করে রাখে। বর্ণিত সৈনিক অনৈতিক ও অসৎ উদ্দেশ্যে দুইয়ের অধিক ০৮টি সীম কার্ড ব্যবহার, অবৈধভাবে বিভিন্ন নামে ফেসবুক আইডি খোলা, সরকার বিরোধী বিভিন্ন ফেসবুক গ্রুপে সবক্ষ্রাইবার করে। জনৈকা নার্সের সাথে অবৈধ পরকীয়া প্রেমের সম্পর্ক স্থাপনসহ বিভিন্ন বেসামরিক মহিলাদের অশ্লীল ছবি মোবাইল ফোনে ধারণ/সংরক্ষণ করায়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ : ২৫-০২-২১।** |
| ১৫। | নং ৯০৬১৫ সিপাহী<br>মোঃ মনিরুল হোসেন রুবেল<br>জয়পুরহাট ব্যাটালিয়ন (২০ বিজিবি) | বিধবা এবং ০১ সন্তানের জননীর সাথে প্রেমের সম্পর্ক স্থাপন, অবৈধ শারীরিক সম্পর্কে লিপ্ত হওয়া এবং স্থানীয় লোকজন কর্তৃক আটক হয়ে বিজিবি'র ভাবমূর্তি ক্ষুণ্ন করায়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ২৮-০২-২১** |
| ১৬। | WB-৪২ ওয়ার্ডবয়<br>মোঃ আইয়ুব আলী<br>বিজি হাসপাতাল, ঢাকা | ওয়ার্ডবয় মোঃ আইয়ুব আলী, বিজি হাসপাতাল, ঢাকায় কর্মরত থাকাকালীন IWT-৪৫৪ ওবিএম চালক মোঃ আব্দুল হাই ও IWT-৩৮৩ ২য় শ্রেণীর মাস্টার মোঃ তোজাম্মেল হক কর্তৃক বিজিবিতে লোক ভর্তি বাবদ অবৈধভাবে উপার্জিত ২৬,৯৬,৫০০/- (ছাব্বিশ লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশত) টাকা এম-২১৮ মালী মোঃ আলকামা এর নিকট হতে গ্রহণ করতঃ নিজের নিকট সংরক্ষণ করে রাখে। পরবর্তীতে উক্ত টাকা নম্বর-১০৪৫৯৭ সিপাহী আব্দুল আলীম এর নিকট পিলখানা, ঢাকা হতে বাহিরে পাচারের উদ্দেশ্যে হস্তান্তর করে। উক্ত অসামরিক কর্মচারী IWT-৪৫৪ ওবিএম চালক মোঃ আব্দুল হাই এর মাধ্যমে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা উৎকোচ প্রদান পূর্বক বিজিবি'তে ভর্তি হয়। এছাড়াও নিয়ম বহির্ভূতভাবে ০৩টি মোবাইল ফোন, ০৮টি সীম কার্ড ব্যবহার, ০৫টি ফেইসবুক একাউন্ট, ০৪টি ইমো একাউন্ট ও ০৩টি জিমেইল একাউন্ট পরিচালনা করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত এবং ০১ (এক) বছরের সশ্রম কারাদণ্ড, শাস্তি প্রদানের তারিখ : ১৪-০২-২১।** |
| ১৭। | নং ৯৭৬০৪ সিপাহী<br>মোঃ আজিজুর রহমান<br>জামালপুর ব্যাটালিয়ন (৩৫ বিজিবি) | ছুটি শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে ১০ মাস ১৩ দিন অনুপস্থিত থেকে স্বেচ্ছায় ইউনিটে যোগদান করে। এছাড়াও, ছুটিতে থাকা অবস্থায় নিজ বাড়িতে অবস্থান না করে চিকিৎসার অজুহাত দেখিয়ে ঢাকায় গমন করে অপরিচিত জনৈকা মহিলার সাথে অবস্থান করে অবৈধ সম্পর্ক স্থাপন করার দায়ে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ২৫-০২-২১।** |
| ১৮। | নং ৯৭২৩৭ সিপাহী মোঃ মোশারফ হোসেন<br>জামালপুর ব্যাটালিয়ন (৩৫ বিজিবি) | ১ম বিবাহ সংক্রান্ত তথ্য গোপন রেখে ১ম স্ত্রী ও কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ায়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ : ২৮-২-২১।** |



২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখে রিজিয়ন কমান্ডার, সরাইল এর উপস্থিতিতে সিলেট ব্যাটালিয়ন (৪৮ বিজিবি) কর্তৃক গত ১৩ জুন ২০১৯ হতে ৩১ জানুয়ারি ২০২১ তারিখ পর্যন্ত আটককৃত ৪,৭৮,৬৭,৩৩০/- টাকা মূল্যের বিভিন্ন প্রকার মাদকদ্রব্য এবং ভারতীয় সিগারেট/বিড়ি ধ্বংস করা হয়।




রংপুর রিজিয়ন আন্তঃসেক্টর বডি বিল্ডিং প্রতিযোগিতা-২০২১ এ সিপাহী বিএম আল মামুন শ্রেষ্ঠ খেলোয়াড় হওয়ার গৌরব অর্জন করে। আগামী ২৪-২৫ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত আন্তঃরিজিয়ন বডি বিল্ডিং প্রতিযোগিতা পত্নীতলা ব্যাটালিয়ন (১৪ বিজিবি) এর সার্বিক ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হবে।



৭ ফেব্রুয়ারি হতে ৪ এপ্রিল ২০২১ তারিখ পর্যন্ত বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজের ব্যবস্থাপনায় ইউক্রেন এর প্রশিক্ষক দ্বারা CORSAR ATGW কোর্স পরিচালিত হয়। উক্ত প্রশিক্ষণে ১১৭ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছে।




২৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর বিশেষ টহল দল চুয়াডাঙ্গা সীমান্ত এলাকায় অভিযান পরিচালনা করে ২ কেজি ৪১৬ গ্রাম ওজনের ১১ টি স্বর্ণের বার আটক করে। যার আনুমানিক মূল্য ১,৫৩,২৮,৭৯৩/- টাকা।



১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে রামু ব্যাটালিয়ন (৩০ বিজিবি) এর বুচিটং বিওপি'র টহল দল দুর্গম পাহাড়ী পথ পাড়ি দিয়ে দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার পরিদর্শনের উদ্দেশ্যে গমন।



৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে রুমা ব্যাটালিয়ন (৯ বিজিবি) এর তালাংহুবপাড়া বিওপি ও ১৯৯ বিএসএফ ব্যাটালিয়নের কামতলী ক্যাম্পের সাথে বিজিবি বিএসএফ যৌথ টহল ও পিলার পরিদর্শন।




Rappelling & Fast-Roping Training
14 Feb 2021-28 Feb 2021